

## 💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ উহুদ যুদ্ধ (غَزْوَةُ أُحُدِ) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

যুদ্ধোনাদোনা ও উৎসাহ বৃদ্ধির জন্য কুরাইশ মহিলাদের কর্ম তৎপরতা (جُهُوْدُ نِسْوَةِ قُرَيْشِ فِيْ التَّحْمِيْسِ):

এদিকে কুরাইশ মহিলারাও যুদ্ধে তাদের দায়িত্ব পালনের জন্য তৎপর হয়ে উঠল। তাদের নেতৃত্ব দিচ্ছিল আবূ সুফইয়ানের স্ত্রী হিন্দা বিনতু 'উতবাহ। এ মহিলারা সারিসমূহে ঘুরে ঘুরে ও দফ্ বাজিয়ে বাজিয়ে লোকদেরকে উত্তেজিত করল। কখনো কখনো তারা পতাকা বাহকদেরকে সম্বোধন করে বলত,

বনু আবদিদার শুনে মোদের বাণী \*\* وَيُهَا بني عبد الدار শুন পশ্চাদ ভাগের রক্ষিবাহিনী \*\* ويها حُمَاة الأدبار خيرباً بكل بتار \*\* পুব জোরে চালাবে শামশীর খাণি \*\*

অর্থাৎ 'দেখ, হে বনু আবদিদার! দেখ, হে পশ্চাদ্ভাগের রক্ষকবৃন্দ। তরবারী দ্বারা খুব আঘাত কর। উত্তেজিত করতে গিয়ে কখনো কখনো তারা বলত,

إن تُقْبِلُوا نُعَانِق \*\*

ونَفْرِشُ النمارق \*\*

أو تُدْبِرُوا نُفَارِق \*\*

فراق غير وامق \*\*

অর্থ: 'যদি তোমরা অগ্রসর হতে পার তবে আমরাতোমাদেরকে আলিঙ্গন করব ও তোমাদের জন্যেশয্যা রচনা করব। আর যদি তোমরা পশ্চাদপদহও তবে আমরা রুখে দাঁড়াব এবং তোমাদের হতে চিরতরে বিচ্ছিন্ন হয়ে যাব।'

Source — https://www.hadithbd.com/books/link/?id=6244

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন